গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০১৮.০০.০০.০১০.২০১১- ৫২০ তারিখঃ ০৪ জ্যৈষ্ঠ, ১৪২৩। / ১৮ মে, ২০১৬।

বিষয়ঃ প্রাইভেট এনটিটিএন অপারেটরের দেশব্যাপী Long haul ভূ-গর্ভস্থ অপটিক্যাল ফাইবার বিস্তারের ক্ষেত্রে রাস্তা খননের চার্জ ধার্যকরণ সংক্রান্ত।

সূত্র ঃ ১) সমন্বয় ও কাউন্সিল শাখার স্মারক নং-১৩৪, তারিখ: ২৪/০৪/২০১৬ খ্রিঃ।
২) মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ০৩.০৭৫.১৪.০০.০০.০০১.২০১৫(অংশ-৪)-৬৮, তারিখঃ ১৭ এপ্রিল, ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৭/০৪/২০১৬ তারিখের পত্রে উল্লেখ করা হয়েছে যে, মুখ্যসচিব মহোদয়ের সভাপতিত্বে ০৮/০৩/২০১৬ তারিখে অনুষ্ঠিত Domestic Network Coordination Committee (DNCC)-এর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত হয়েছেঃ

"প্রাইভেট এনটিটিএন অপারেটরের দেশব্যপি Long haul ভূ-গর্ভস্থ অপটিক্যাল ফাইবার বিস্তারের ক্ষেত্রে শুধুমাত্র রাস্তার প্রকৃত খননকৃত দৈর্ঘ্য এবং খনন পদ্ধতির (HDD/Over Cut) ভিত্তিতে রাস্তা খননের চার্জ প্রযোজ্য করবে" (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

বিতরণ (কার্যার্থে)ঃ

১। মেয়র, সিটি কর্পোরেশন..(সকল)।
২। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ..................................(সকল)।
৪। উপজেলা নির্বাহী অফিসার ....উপজেলা, ... জেলা (**তাঁকে ক্রমিক-৬ এ উল্লিখিত তাঁর উপজেলার সকল ইউপি চেয়ারম্যানের নিকট পত্রটির কপি প্রেরণের অনুরোধসহ**)।
৫। মেয়র, পৌরসভা...(সকল)।
৬। চেয়ারম্যান, ...ইউনিয়ন পরিষদ, উপজেলা ....জেলা ....।
৭। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ

১। জনাব আল মামুন মোর্শেদ, পরিচালক, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৯

৭১
০৫/৫/১৬

অতি জরুরী

স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা

বিষয় ঃ প্রাইভেট এনটিটিএন অপারেটরের দেশব্যপি Long haul ভূ-গর্ভস্থ অপটিক্যাল ফাইবার বিস্তারের ক্ষেত্রে রাস্তা খননের চার্জ ধার্যকরণ

সূত্রঃ প্রধানমন্ত্রীর কার্যলয়ের পত্র সংখ্যা-০৩.০৭৫.১৪.০০.০০.০০১.২০১৫ (অংশ-৪)-৬৮ তাং-১৭.০৪.২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত পত্রটি এ সাথে প্রেরণ করা হ'ল। পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থা সম্পর্কে প্রধানমন্ত্রীর কার্যালয়কে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি ঃ বর্ণনামতে---04---ফর্দ।

(মোঃ জাহিদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৭৫৫৭৬
E-Mail: Councillgd@yahoo.com

বিতরণঃ

০১। উপসচিব (পাস-১/পৌর-১/ সিটি কর্পোরেশন-১/২), স্থানীয় সরকার বিভাগ।
০২। সিনিয়র সহকারী সচিব(উন্নয়ন-১/২/ উজে-১/২ /ইপ-১/২/পাস-২/৩), স্থানীয় সরকার বিভাগ।
০৩। সহকারী সচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি ঃ

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক, স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্ম সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

ইউও নোট নং-৪৬.০০.০০০০.০৩৮.০১৬.০৭৭.১৫. ৩৩৪ তাং- ২৬.০৪.২০১৬ খ্রিঃ

স্থানীয় সরকার বিভাগ
গ্রহন ও প্রেরণ শাখা
18 APR 2016

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন

ঢাকা

পত্র সংখ্যা ০৩.০৭৫.১৪.০০.০০.০০১.২০১৫ (অংশ-৪)-৬৮.

তারিখ ০৪ বৈশাখ ১৪২৩
১৭ এপ্রিল, ২০১৬

বিষয়ঃ প্রাইভেট এনটিটিএন অপারেটরের দেশব্যাপী Long haul ভূ-গর্ভস্থ অপটিক্যাল ফাইবার বিস্তারের ক্ষেত্রে রাস্তা খননের চার্জ ধার্যকরণ।

মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে বিগত ০৮.০৩.২০১৬ তারিখে অনুষ্ঠিত Domestic Network Coordination Committee (DNCC) এর ২১তম সভায় উপযুক্ত বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় (কপি সংযুক্ত):

"প্রাইভেট এনটিটিএন অপারেটরের দেশব্যাপী Long haul ভূ-গর্ভস্থ অপটিক্যাল ফাইবার বিস্তারের ক্ষেত্রে শুধুমাত্র রাস্তার প্রকৃত খননকৃত দৈর্ঘ্য এবং খনন পদ্ধতির (HDD/Over Cut) ভিত্তিতে রাস্তা খননের চার্জ প্রযোজ্য করবে"।

২। এমতাবস্থায়, DNCC কমিটির ২১তম সভার উল্লেখিত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে বিধি মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণ পূর্বক এ কার্যালয়কে অবহিত করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

সচিব মহোদয়ের নির্দেশক্রমে প্রেরণ করা হলো।
একান্ত সচিব

স্থানীয় সরকার বিভাগ সচিবের দপ্তর	
১) অতিরিক্ত সচিব ২) মহাপরিচালক ৩) যুগ্ম-সচিব	১) প্রশাসন ২) উন্নয়ন ৩) নগর উন্নয়ন ৪) পাস ৫) আইন
ডাইরি নম্বরঃ	স্বাক্ষর

(আল মামুন মুর্শেদ)
পরিচালক
☎-৯১৩৭৪৬২
E-mail: dir8@pmo.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১. সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন (৫ম তলা) আগারগাঁও, ঢাকা।
৪. চেয়ারম্যান, বিটিআরসি, আইইবি ভবন, রমনা, ঢাকা।
৫. মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬. মহাপরিচালক-২ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২৭৪

Domestic Network Coordination Committee (DNCC) এর ২১ তম সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ মোঃ আবুল কালাম আজাদ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
সভার তারিখ	ঃ ৮ মার্চ, ২০১৬।
সময়	ঃ বিকেল ৩ঃ০০ টা।
স্থান	ঃ সভাকক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়।
উপস্থিত	ঃ পরিশিষ্ট "ক"।

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ উপস্থিত থাকায় তাঁর প্রতি কৃতজ্ঞতা জানানো হয়। সভায় ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব আলোচনায় অংশ গ্রহণ করেন।

সভাপতির অনুমতিক্রমে ইনফো-সরকার-২ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ সাইফুল ইসলাম সভার বিষয়বস্তু উপস্থাপন করেন।

সভার শুরুতে জনাব আনীর চৌধুরী, পলিসি এডভাইজার, এটুআই সভায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের জন্য এ পর্যন্ত গৃহীত পদক্ষেপ এবং পরবর্তী করণীয় সম্পর্কে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন, তিনি অবকাঠামো উন্নয়নের উপর বিশেষভাবে আলোকপাত করেন। এছাড়াও বিসিসি এর নির্বাহী পরিচালক সভায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে বিসিসির মাধ্যমে ইতোমধ্যে স্থাপিত ন্যাশনাল ই-গভঃ ব্যাকবোনের পরিচালনা বিষয়ে আলোচনা করেন। তিনি উল্লেখ্য করেন যে এটি একটি সুরক্ষিত ভার্চুয়াল প্রাইভেট নেটওয়ার্ক, যা বিসিসির NOC রুম থেকে জেলা/উপজেলা পর্যায়ের ১৮০০০ অফিস পর্যন্ত বিস্তৃত। এটি কেন্দ্রিয়ভাবে বিসিসি থেকে পরিচালনা ও মনিটর করা হয়।

আলোচনা প্রলম্বিত হওয়ায় সভা ৮ মার্চ, ২০১৬ তারিখ পরবর্তী দিন পর্যন্ত মুলতবী ঘোষণা করা হয়। পরবর্তী দিন ৯ মার্চ, ২০১৬ তারিখ মধ্যাহ্ন ১২:০০ টায় সভা পুনরায় অনুষ্ঠিত হয়। মুলতবী সভায় এনটিটিএন অপারেটরগণের ও ব্রডব্যান্ড ওয়ারলেস অপারেটরগণের প্রতিনিধিবৃন্দ আলোচনায় অংশ গ্রহণ করেন।

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত - ১ ঃ বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

সিদ্ধান্ত - ২ ঃ বিটিসিএল কর্তৃক ২৯০টি উপজেলা এবং ১০০০টি ইউনিয়নের অপটিক্যাল ফাইবার শীর্ষক প্রকল্পের কার্যক্রম আরো নিবিড়ভাবে তত্ত্বাবধান ও পর্যবেক্ষণ করতে হবে। প্রকল্পের কাজ ৩০ জুন, ২০১৬ এর মধ্যে সমাপ্ত করতে হবে।

বাস্তবায়নেঃ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও বিটিসিএল।

সিদ্ধান্ত - ৩ ঃ ডাক ও টেলিযোগাযোগ বিভাগকে বিটিসিএল এর ২৯০টি উপজেলা এবং ১০০০টি ইউনিয়নের অপটিক্যাল ফাইবার শীর্ষক প্রকল্পে বিটিসিএল বাস্তবায়নাধীন সকল উপজেলা/ইউনিয়নে ব্যান্ডউইডথ 512Kbps হতে 1Mbps পরিবর্তনের কার্যক্রম বিটিসিএল জরুরী ভিত্তিতে সম্পন্ন করবে এবং উপজেলা/ইউনিয়নে 1Mbps ব্যান্ডউইডথ নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নেঃ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও বিটিসিএল।

সিদ্ধান্ত - ৪ ঃ গ্রাহক সেবা নিশ্চিত করণে BTCL Web based complain tracing System/NMS স্থাপনের কার্যক্রম অব্যহত থাকবে। ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এ সংক্রান্ত কার্যক্রম পর্যবেক্ষণ করবে।

বাস্তবায়নেঃ বিটিসিএল।

সিদ্ধান্ত - ৫ ঃ প্রথম ধাপে ইউনিয়ন পর্যায়ে কানেকটিভিটি স্থাপনের লক্ষ্যে ইনফো সরকার-৩ প্রকল্পটি DPP চূড়ান্ত করে আগামী ৮ এপ্রিল, ২০১৬ এর মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। যেহেতু ইনফো সরকার-২ এর মাধ্যমে জেলা পর্যায়ে কেবলমাত্র প্রাইমারী ট্রান্সমিশন গ্রহণ করা হয়েছে, ইনফো সরকার-৩ প্রকল্পের মাধ্যমে উপজেলা পর্যায়ের রিডান্ডেন্সী নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নেঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

সিদ্ধান্ত - ৬ ঃ ইউনিয়ন পর্যায়ে অপটিক্যাল ফাইবার কানেকটিভিটি স্থাপন, জেলা/উপজেলা সমূহের অফিস সমূহে LAN/ACCESS Network স্থাপনের বিষয়ে প্রকল্প পরিচালক, এটুআইকে সভাপতি করে আইসিটি বিভাগ, বিসিসি, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, বিটিআরসি, এটুআই এর প্রতিনিধি এবং বিডব্লিউএ, এনটিটিএন ও আইএসপিএবি এর প্রতিনিধি সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো। এই কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

- প্রান্তিক পর্যায় পর্যন্ত কানেকটিভিটির বর্তমান অবস্থা ও চাহিদা নিরূপণ করা।
- সরকারি এবং বে-সরকারি প্রান্তিক ব্যবহারকারীর জন্য কানেকটিভিটির মডেল নির্ধারণ করা।
- প্রান্তিক পর্যায় পর্যন্ত একটি আদর্শ নেটওয়ার্ক ডিজাইন প্রস্তুত করা।
- কানেকটিভিটি স্থাপনকারী সংস্থাসমূহের সঙ্গে সমন্বয় সাধন।
- নেটওয়ার্ক সম্প্রসারণ এবং নেটওয়ার্কের কার্যপরিধির একটি কাঠামো তৈরীর জন্য প্রয়োজনীয় বাজেট নির্ধারণ করা।
- প্রয়োজন হলে সরকারি বা বে-সরকারি খাত হতে সদস্য কো-অপ্ট করা।
- বিভিন্ন সরকারি ও বে-সরকারি দপ্তরের সঙ্গে সমন্বয় সাধনের মাধ্যমে এই উদ্দেশ্য সাধনের জন্য তথ্য সংগ্রহ করা।
- এ কমিটি ডিএনসিসি এর নিকট প্রতিবেদন দাখিল করবে।

সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে,

- লাস্টমাইল নেটওয়ার্ক অবশ্যই ন্যাশনাল এন্টারপ্রাইজ আর্কিটেকচার এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।
- সরকার প্রত্যেক দপ্তরের জন্য লাস্টমাইল কানেকটিভিটি স্থাপনের জন্য বাজেটে বরাদ্দ সংস্থান রাখবে এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে এ বিষয়ে সমন্বয় করবে।

এই কমিটি একটি রিপোর্ট আগামী ৩০ এপ্রিল, ২০১৬ এর মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে দাখিল করবে।

বাস্তবায়নেঃ এটুআই প্রকল্প।

সিদ্ধান্ত - ৭ ঃ বিসিসি কর্তৃক ইনফো সরকার-২ ও বাংলাগভঃনেট প্রকল্পের মাধ্যমে স্থাপিত ন্যাশনাল ই-গভঃ ব্যাকবোনের সাথে কানেকটিভিটি প্রাপ্ত অফিসসমূহের ক্ষেত্রে বিসিসি আইএসপি হিসেবে একটি billing mechanism প্রস্তুত করবেন। কানেকটিভিটি প্রাপ্ত অফিসসমূহকে মন্ত্রণালয়ে ভিত্তিক বিভাজন করে প্রতিটি মন্ত্রণালয় থেকে বিল সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করবে বর্তমান অর্থ বছরে বিসিসি অর্থ মন্ত্রণালয়ের সাথে পরামর্শ ক্রমে বাজেট গ্রহণ করে এই ব্যয় নির্বাহ করবে। পরবর্তী বছর থেকে স্ব স্ব মন্ত্রণালয় বিল পরিশোধ করবে।

বাস্তবায়নেঃ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।

সিদ্ধান্ত - ৮ ঃ মহানগরীর যে সকল রাস্তায় ভূ-গর্ভস্থ অপটিক্যাল ফাইবার রয়েছে সে সকল রাস্তার তালিকা মোতাবেক ঝুলন্ত তার অপসারণ কার্যক্রম অব্যহত থাকবে। বিদ্যুৎ মন্ত্রণালয় কার্যক্রম পরিচালনা করবে। বিটিআরসি এ সংশ্লিষ্ট প্রচারনায় অংশ নিবে। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য তার কাটার পূর্বে পত্রিকায় বিটিআরসি বিজ্ঞপ্তি প্রকাশ করবে। সার্ভিস প্রভাইডারদের প্রতিনিধিদের উপস্থিতিতে তার কাটার কার্যক্রম গ্রহণ করতে হবে। যেসকল স্থানে ইতিমধ্যে ভূ-গর্ভস্থ ক্যাবল স্থাপন করা হয়েছে সে সকল স্থানে কোনভাবেই ঝুলন্ত তার রাখা যাবে না। আগামী সভায় অগ্রগতি প্রতিবেদন পেশ করতে হবে।

বাস্তবায়নেঃ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বিদ্যুৎ বিভাগ ও বিটিআরসি।

সিদ্ধান্ত - ৯ ঃ বিটিসিএল/বিটিআরসি GIS সংশ্লিষ্ট সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করবেন।

বাস্তবায়নেঃ বিটিসিএল/বিটিআরসি।

সিদ্ধান্ত-১০ ঃ International Terrestrial Cable (ITC) অপারেটরের সরাসরি বিএসসিসিএল হতে ব্যান্ডউইডথ নেওয়ার বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ পুনঃবিবেচনা করতঃ বিটিআরসি পরবর্তী সভায় অগ্রগতি প্রতিবেদন দাখিল করবে।

বাস্তবায়নেঃ বিটিআরসি।

সিদ্ধান্ত - ১১ ঃ Mobile Number Portability (MNP) নীতিমালার দ্রুত বাস্তবায়নের স্বার্থে খসড়া অনুমোদনের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর প্রেরণ করবে।

বাস্তবায়নেঃ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

সিদ্ধান্ত - ১২ ঃ Neutral Licensing Regime প্রবর্তনের বিষয়টি সহজীকরণের লক্ষ্যে বিটিআরসি কনসালটেন্ট নিয়োগ করবে। আগামী সভায় এ সংশ্লিষ্ট অগ্রগতি দাখিল করবে।

বাস্তবায়নেঃ বিটিআরসি।

সিদ্ধান্ত - ১৩ ঃ ডিজিটাল বাংলাদেশের কার্যক্রম ত্বরান্বিত করনে BTCL এর অতিরিক্ত Dark fiber/Capacity পিজিসিবি'র আদলে NSP অপারেটরদের লীজ প্রদানের বিষয়ে BTCL প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করবে।

বাস্তবায়নেঃ বিটিসিএল।

সিদ্ধান্ত - ১৪ ঃ প্রাইভেট এনটিটিএন অপারেটরের দেশব্যাপি Long haul ভূ-গর্ভস্থ অপটিক্যাল ফাইবার বিস্তারের ক্ষেত্রে শুধুমাত্র রাস্তার প্রকৃত খননকৃত দৈর্ঘ্য এবং খনন পদ্ধতির (HDD/Over Cut) ভিত্তিতে রাস্তা খননের চার্জ প্রযোজ্য করবে। প্রধানমন্ত্রীর কার্যালয় হতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং স্থানীয় সরকার বিভাগ বরাবর এ সংশ্লিষ্ট পত্র প্রদান করা হবে।

বাস্তবায়নেঃ প্রধানমন্ত্রীর কার্যালয়।

সিদ্ধান্ত - ১৫ ঃ Access Network হতে Transmission Network কে পৃথক করতঃ অবৈধ ট্রান্সমিশন ব্যবস্থা পরিচালনার ক্ষেত্রে বিটিআরসিকে দৃঢ় পদক্ষেপ গ্রহণ করতে হবে। আগামী সভায় এ সংশ্লিষ্ট অগ্রগতি এবং গৃহীত কার্যক্রম দাখিল করবে।

বাস্তবায়নেঃ বিটিআরসি।

সিদ্ধান্ত - ১৬ ঃ এনটিটিএন এর Backhaul Price নির্ধারণের ক্ষেত্রে বিটিআরসি ITU Consultant বা এ সংশ্লিষ্ট বিশেষজ্ঞের সহায়তায় আগামী দুই মাসের মধ্যে NTTN Backhaul Tariff নির্ধারণ করতঃ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

বাস্তবায়নেঃ বিটিআরসি।

সিদ্ধান্ত - ১৭ ঃ বিটিআরসি গ্রাহক পর্যায়ের অভিযোগ গ্রহণকল্পে Online Complain Call এবং Toll-Free SMS এর প্রবর্তন করবে। বিটিআরসি অভিযোগের ভিত্তিতে একটি Performance Report নিয়মিত পত্রিকায় এবং ওয়েব-সাইট প্রকাশ করবে। পরবর্তী সভায় অগ্রগতি প্রতিবেদন দাখিল করবে।

বাস্তবায়নেঃ বিটিআরসি।

সিদ্ধান্ত - ১৮ ঃ বিটিআরসি BWA অপারেটর প্রদত্ত Technical বিষয়সমূহের প্রস্তাবনা পর্যবেক্ষন করতঃ পরবর্তী সভায় অগ্রগতি প্রতিবেদন দাখিল করবে।

বাস্তবায়নেঃ বিটিআরসি।

সিদ্ধান্ত - ১৯ ঃ বিটিসিএল এর ১১০টি উপজেলা এখন পর্যন্ত মাইক্রোওয়েভ কানেকটিভিটি রয়েছে। এসকল জেলায় জরুরী ভিত্তিতে অপটিক্যাল ফাইবার স্থাপন করতে হবে। এছাড়া ইনফো সরকার - ২ প্রকল্পে যে সকল কানেকটিভিটি DSLAM এর মাধ্যমে দেওয়া হয়েছে তা এপ্রিল, ২০১৬ এর মধ্যে OFC-তে রূপান্তর করতে হবে।

বাস্তবায়নেঃ বিটিসিএল, ইনফো-সরকার প্রকল্প-২।

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবুল কালাম আজাদ)
মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়